

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০২৩

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - গনীমাতের সম্পদ বণ্টন এবং তা আত্মসাৎ করা

আরবী

وَعَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ: «أَدُّوا الْخِيَاطَ وَالْمِخْيَطَ وَإِيَّاكُمْ وَالْغُلُولَ فَإِنَّهُ عَارٌ عَلَى أَهْلِهِ يَوْمَ الْقِيَامَةِ». رَوَاهُ الدَّارِمِيُّ

বাংলা

৪০২৩-[৩৯] 'উবাদাহ্ ইবনুস্ সামিত (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা গনীমাতে প্রাপ্ত সুঁচ-সুতা পর্যন্ত জমা দিয়ে দাও। সাবধান! গনীমাতের মালে খিয়ানাত করা হতে বিরত থাকো। কেননা তা কিয়ামতের দিন খিয়ানাতকারীর জন্য লাঞ্ছনা-অপমান ভোগের কারণ হবে। (দারিমী)[1]

ফুটনোট

[1] হাসান : দারিমী ২৫৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সুঁই এবং সুতার মতো একটি ক্ষুদ্র বস্তুও গনীমাতের সম্পদ নিজের কাছে রাখা যাবে না বরং তা গনীমাতের ভা-ারে জমা দিতে হবে। অন্যথায় এই ক্ষুদ্র এবং তুচ্ছ বস্তুটিই কিয়ামতের দিন অপমানের কারণ হয়ে দাঁড়াবে। যেমন পূর্বে আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর ৩৯৯৬ নং হাদীসে অতিবাহিত হয়েছে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন